# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
## মুখপাত্র
**www.sec.gov.bd**

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২২৭

তারিখঃ ৩০ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১৩ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়ঃ ১০১৩তম কমিশন সভা।**

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ১০১৩তম কমিশন সভা গত ১২/০৫/২০২৬ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

১। পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানি 'ফরচুন সুজ লিমিটেড' জুন ৩০, ২০২২ তারিখে সমাপ্ত অর্থবছরে ১০% নগদ লভ্যাংশ ও ৫% বোনাস ঘোষণা করে। কোম্পানিটি মোট ১৬.২৫ কোটি টাকার নগদ লভ্যাংশের মধ্যে ৩.৯৮ কোটি টাকার নগদ লভ্যাংশ পরিশোধে ব্যর্থ হয়। একইসাথে, 'ফরচুন সুজ লিমিটেড' ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) এর জুলাই ৩১, ২০২৩ পর্যন্ত পূর্ববর্তী ৩ বছরের লিস্টিং ফি বাবদ ১৮.২৯ লক্ষ টাকা পরিশোধে ব্যর্থ হয়।

কমিশন কর্তৃক আদেশ জারির পরবর্তী ৩০ দিনের মধ্যে উক্ত অপরিশোধিত ৩.৯৮ কোটি টাকার নগদ লভ্যাংশ এবং ১৮.২৯ লক্ষ টাকা লিস্টিং ফি পরিশোধ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এক্ষেত্রে ব্যর্থতায় বিনিয়োগকারীদের স্বার্থ ক্ষুন্ন হওয়ায় ও সিকিউরিটিজ আইন ভঙ্গের দায়ে সংশ্লিষ্ট ব্যক্তিদের উপর অর্থদন্ড আরোপের এবং পরবর্তী ৭ দিনের মধ্যে অর্থদন্ড কমিশনে জমা দিতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। নিম্নের ছকে জরিমানার বিস্তারিত তুলে ধরা হলোঃ

| ব্যক্তির নাম | পদবি/পরিচয় | জরিমানার পরিমাণ |
|---|---|---|
| Mr. Md. Mizanur Rahman | Chairman, Fortune Shoes Limited. | ৫ কোটি টাকা |
| Mr. Md. Amanur Rahman | Director, Fortune Shoes Limited. | ৫০ লক্ষ টাকা |
| Mr. Robiul Islam | Director, Fortune Shoes Limited. | ৫০ লক্ষ টাকা |
| Mr. Md. Khosrul Islam | Former director, Fortune Shoes Limited. | ৫০ লক্ষ টাকা |
| Mrs. Roksana Rahman | Managing Director, Fortune Shoes Limited. | ৫০ লক্ষ টাকা |
| Mr. Jamil Ahmed Chowdhury | Chief Financial Officer, Fortune Shoes Limited. | ১০ লক্ষ |
| Mr. Riaz Uddin Bhuiya | Former Company Secretary, Fortune Shoes Limited. | ৫ লক্ষ |
| Mr. Md. Nazmul Hossain | Company Secretary, Fortune Shoes Limited. | ৫ লক্ষ |

২। প্রাথমিক নিয়ন্ত্রক সংস্থা কর্তৃক কোন তালিকাভুক্ত কোম্পানির পরিচালনা পর্ষদ পুনর্গঠন করে এবং পুনর্গঠিত পরিচালনা পর্ষদের যদি যৌথভাবে ৩০% শেয়ার ধারণ না থাকে বা নিচে নামিয়া যায়; সেক্ষেত্রে সেটি মূলধন বৃদ্ধি বা ক্যাপিটাল রেইজিং (রাইট,বোনাস ইত্যাদি) এর জন্য যে বাধা ছিল তা থাকবে না মর্মে নোটিফিকেশন ইস্যুর সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। স্টক এক্সচেঞ্জের তালিকাভুক্ত 'এ' ক্যাটাগরিভুক্ত ব্যাংকসমূহ তার নিজস্ব ব্যাংকেই ডিভিডেন্ড অ্যাকাউন্ট সংরক্ষণ করতে পারবে মর্মে নির্দেশনা জারির সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। পুঁজিবাজারের উপর স্বচ্ছ, নির্ভরযোগ্য এবং গবেষণামূলক সাংবাদিকতাকে উৎসাহিত করার উদ্দেশ্যে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) বিগত বছরের ন্যায় এবছরও 'বিএসইসি ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ ২০২৬' আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ উদ্যোগের মাধ্যমে বিএসইসি পুঁজিবাজার বিষয়ক সাংবাদিকতায় দায়িত্বশীলতা, নৈতিকতা ও সততাকে উৎসাহিত করতে চায়, যা দেশের পুঁজিবাজার ও সর্বোপরি অর্থনীতির গতিশীলতাকে ইতিবাচকভাবে প্রভাবিত করবে। একইসাথে ফেলোশিপ সাংবাদিকদের বৈশ্বিক আর্থিক বাজার সম্পর্কে জ্ঞান বৃদ্ধির সুযোগ প্রদান করবে, তাদের বিশ্লেষণী দক্ষতা বৃদ্ধি করবে এবং নৈতিক সাংবাদিকতার মানদণ্ড নিশ্চিত করতে সহায়তা করবে। উল্লেখ্য, গত বছর প্রথমবারের মতো 'বিএসইসি ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ ২০২৫' আয়োজিত হয় এবং 'প্রিন্ট মিডিয়া', 'ইলেকট্রনিক মিডিয়া' ও 'অনলাইন মিডিয়া'-এই তিনটি ক্যাটাগরিতে মোট ৯ জন সাংবাদিককে পুরস্কার প্রদান করা হয়।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

১৩/০৫/২০২৬

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র